গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম।

স্মারক নংঃ এমএঅ-চক/২০১৮-২০১৯ তারিখঃ ১৫/১১/২০১৯ খ্রিঃ

২০১৮-২০১৯ শিক্ষা বর্ষে মাস্টার্স শেষ বর্ষে নিয়মিত এম.এ/এম.এস,এস/এম.এস,সি কোর্সে ভর্তি প্রাথমিক আবেদন ফরম জমাদান।

সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)।

জাতীয় বিশ্বাবিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষে মাস্টার্স শেষ পর্বে (নিয়মিত) কোর্সে চট্টগ্রাম কলেজ ভর্তিচ্ছু প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম সরকারি ছুটির দিন ব্যতিত আগামী ১৮ /১১/২০১৯ খ্রিঃ থেকে তারিখ ২০/১১/২০১৯ তারিখ সকাল ১০.০০ টা থেকে দুপুর ১২.৩০ টা পর্যন্ত কলেজের ছাত্রমিলনায়ত-এ নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে আবেদন ফরম নিম্নে উল্লেখিত তারিখ সময় ও বিষয় অনুযায়ী জমা দিতে পারবে

১। চট্টগ্রাম কলেজে মাস্টার্স নিয়মিত কোর্সের বিষয় সমূহ ঃ

ক্রমিক		বিষেয়র নাম	তারিখ ও সময়
১	এম.এ.	:বাংলা, ইংরেজি,ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, দর্শন ও পালি	১৮/১১/২০১৯ খ্রি:সকাল: ১০-১২.৩০
২	এম.এস.এস	: রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি,ও সমাজবিজ্ঞান ।	১৯/১১/২০১৯ খ্রি:সকাল:১০-১২.৩০
৩	এম,এস,সি	: পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, *পরিসংখ্যান, গণিত, মনোবিজ্ঞান ও ভূগোল ও পরিবেশ।*	২০/১১/২০১৯ খ্রি:সকাল: ১০-১২.৩০

২। ভর্তির যোগ্যতা:

(ক) এ ভর্তি কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২,২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না ।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত প্রিলিমিনারী টু মাস্টার্স নিয়মিত পরীক্ষা পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২,২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপেএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে । তবে এক বছর মেয়াদী (প্রাইভেট)/ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না ।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত /প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না । **এ লক্ষ্যে 'জাতীয় বিশ্ববিদ্যালয় / অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই । দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুয়ায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো'-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে ।**

(ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য,ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল **বলে গণ্য হবে ।**

৩: প্রাথমিক আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

(ক) (www.nu.acbd/admissions)applicantimportant notice/prospectus(Masters) Login অপশনে ক্লিক করে এবং ওয়েব সাইটে প্রদর্মিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক পর্যায়ের পরীক্সার রোল নম্বর রেজিষ্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি করতে হবে ।

খ) এ পর্যায়ে ডাটাবেজ সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে male/Female প্রদর্শিত হবে আবেদনকারী তথ্য ছকে male এর স্থলে Female বা Female এর স্থলে male প্রদর্শিত হলে Click to change অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে

গ) আবেদনকারীর প্রার্থীত কলেজের নাম (চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম কলেজ কোড-৪৩০১) ও বিষয়ে(যার ক্ষেত্রে এটি প্রযোজ্য) সিলেক্ট করে বিষয় পছন্দ দিতে হবে ।

(ঘ) ছবি সংযোজন ও ফরম ডাউনলোড: প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট সাইজ আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ (120X150 pixels.Image Type: jpg) সর্বোচ্চ ফাইল সাউজ ৫০ কেবি আপলোড করতে হবে । maximum File six: 50 Kb হতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে ।

(ঙ) কোটায় (মুক্তি যোদ্ধা/আদিবাসি/প্রতিবন্ধি/পোষ্য ইত্যাদি ক্ষেত্রে নির্ধারিত প্রযোজ্য কোটা সিলেক্ট করতে হবে উল্লেখ্য কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে ।

(চ) ফরম ডাউনলোড সঠিক তথ্যসহ আবেদন ফরম পূরণ করে প্রথমে সেভ করতে হবে । ফরমটি অনলাইনে সাবমিট করা হলে আবেদনকারীর নাম .রোল নম্বর ,পিনকোড. কলেজের নাম নির্বাচিত বিষয়ের নামসহ একটি নতুন ফরম ওয়েবসাউটে প্রদর্শিত হবে । আবেদনকারীকে উক্ত ফরমটি ডাউনলোড করে অফসেটে সাদা কাগজে (A4) সাইজের কপি প্রিন্ট নিতে হবে । ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যায়ের ওয়েবসাইট এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে ।

ফরম জমা ঃ আবেদনকারীকে প্রিন্ট করার ফরমে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে । কলেজের নির্ধারিত তারিখ সময় ও স্থানে উক্ত আবেদন ফরম ,পূর্ববতী পরীক্ষার সত্যায়িত নম্বর ফর্দ,রেজিঃ কার্ডের সত্যায়িত কপিসহ মোট ০১ (এক) কপি জমা দিতে হবে

জ) ফরম জমারদানের স্থান,তারিখ ও সময়

***প্রার্থী কলেজে যা যা জমা দেবে ***

১। নিজের স্বাক্ষরযুক্ত অনলাইনে প্রাপ্ত আবেদন ০১ কপি

২। প্রার্থীকে স্নাতক (সম্মান) /১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/ প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষার সত্যায়িত নম্বর পত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকার নামার কপি সত্যায়িত কপি জমা দিতে হবে ।

৩। কলেজ ক্যাশ শাখা হতে রশিদ সংগ্রহপূর্বক পূর্বালী ব্যাংক লি. কলেজ রোড শাখায় নিয়মিত শিক্ষার্থীদের ৩০০.০০ (তিনশত) টাকা ফি জমাদানের রশিদ

৪। নিয়মিত শিক্ষার্থীদের কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৫. বিস্তারিত জানতে তথ্য ও নিদের্শিকার জন্য (www.nu.acbd/admissions) লগইন করতে হবে ।

২৫/১১/২০১৯

(প্রফেসর মোঃ মুজিবুল হক চৌধুরী)
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম।

স্মারক নং

তারিখঃ

সদয় অবগতিও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১। উপাধ্যক্ষ চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম ।
২। সকল বিভাগীয় প্রধান. চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম।
৩। আহবায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি-২০১৮-২০১৯ চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম।
৩। ম্যানেজার পূবালী ব্যাংক, কলেজ রোড শাখা
৪। ক্যাশিয়ার অত্র কলেজ।
৫। অফিস নথি ।

২৫/১১/২০১৯

(প্রফেসর মোঃ মুজিবুল হক চৌধুরী)
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম।